

বাংলাদেশ হাইকমিশন  
লন্ডন

নং-বিএইচসি(লন্ডন)/এনডিআর/২০১৮

তারিখ: ২৪ মার্চ ২০১৮

বিজ্ঞপ্তি

১৯৭১ সালের ২৫শে মার্চ কালরাত্রিতে পাকিস্তানী হানাদার বাহিনী কর্তৃক নিরীহ বাঙ্গালীদের উপর বর্বরোচিত, নৃশংস এবং নারকীয় হত্যাযজ্ঞের কথা স্মরণ করে, ১১ই মার্চ ২০১৭ তারিখে মহান জাতীয় সংসদের ১৪তম অধিবেশন-এ ২৫শে মার্চ কে 'গণহত্যা দিবস' হিসেবে পালনের প্রস্তাব (রেজুল্যুশন) সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরই পরিপ্রেক্ষিতে, মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিপরিষদ ২৫শে মার্চকে জাতীয়ভাবে 'গণহত্যা দিবস' হিসেবে পালন এবং দিবসটিকে 'আন্তর্জাতিক গণহত্যা দিবস' হিসেবে স্বীকৃতি লাভের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করে।

দিবসটির গুরুত্ব ও তাৎপর্য যুক্তরাজ্যে তুলে ধরার জন্য বাংলাদেশ হাইকমিশন বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে হাইকমিশনের অভ্যর্থনা কক্ষে ২৫ মার্চ ২০১৮ তারিখ রোজ রবিবার বেলা ১১:০০ ঘটিকায় দিবসটির তাৎপর্য বিষয়ে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় হাইকমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী, কমিউনিটির রাজনৈতিক, সামাজিক, পেশাজীবী ও অন্যান্য সংগঠনের নেতৃবৃন্দ, বিশিষ্ট ব্যক্তিবর্গসহ সকলকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।



(স্বদীপ্ত আলম)  
দূতালয় প্রধান

বিতরণ:

- ১। হাইকমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী
- ২। কমিউনিটির নেতৃবৃন্দ
- ৩। হাইকমিশনের ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড।